



আবু সাঈদ হত্যা মামলা: ৬ আসামি ট্রাইব্যুনালে হাজির, অভিযোগ গঠনের আদেশ আজ



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদকে হত্যার অভিযোগে দায়ের করা মানবতাবিরোধী অপরাধ মামলায় আজ আদেশ দেবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মামলার ৬ আসামিকে ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে।

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদকে হত্যা করে মানবতাবিরোধী অপরাধ সংঘটনের মামলায় আজ বুধবার (৬ আগস্ট) অভিযোগ গঠন বিষয়ে আদেশ দেবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বেঞ্চ এ আদেশ দেবেন।

এরই মধ্যে মামলার ৬ আসামিকে ট্রাইব্যুনালে আনা হয়েছে। তারা হলেন—এএসআই আমির হোসেন, বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রিন্টর শরিফুল ইসলাম, কনস্টেবল সাজন চন্দ্র রায়, ছাত্রলীগ নেতা ইমরান চৌধুরী, রাফিউল হাসান রাসেল এবং আনোয়ার পারভেজ।

গত ৩০ জুলাই শুনানি শেষে ট্রাইব্যুনাল আজকের দিনটি আদেশের জন্য নির্ধারণ করে। মামলার অভিযোগপত্রে বলা হয়, গত বছরের জুলাই গণঅভ্যুত্থানের সময় আবু সাঈদকে অপহরণ করে নির্মমভাবে নির্ধাতন ও হত্যা করা হয়।

এছাড়া, ২২ জুলাই একই মামলার অন্য ২৪ আসামিকে পলাতক ঘোষণা করে ট্রাইব্যুনাল। তাঁদের মধ্যে রয়েছেন বেরোবির সাবেক উপাচার্য ও রংপুর মেট্রোপলিটনের সাবেক পুলিশ কমিশনার।

অন্যদিকে, আঙলিয়ায় ৬ জনকে পুড়িয়ে হত্যার মামলায় ৮ জন এবং লক্ষ্মীপুরে দায়ের করা আরেক মানবতাবিরোধী অপরাধ মামলায় ৩ জনকে আদালতে হাজির করা হয়েছে।